



জনসমাগমের উপর সরকারের পক্ষ থেকে আরোপিত নিষেধাজ্ঞায়
জুমু'আর খুতবার বদলে একটি বিশেষ বাণী সরাসরি সম্প্রচার করলেন
আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান



হযরত মির্যা মসরুর আহমদ (আই.) করোনাভাইরাস সংক্রান্ত সরকারি নির্দেশাবলী অনুসরণে সাপ্তাহিক
জুমু'আর খুতবার বদলে নিজ দপ্তর হতে বিশেষ বাণী প্রদান করেন

চলমান করোনাভাইরাস মহামারীর কারণে এ সপ্তাহে আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান, পঞ্চম খলীফাতুল
মসীহ, হযরত মির্যা মসরুর আহমদ (আই.) জুমু'আর খুতবা প্রদান না করে, এর স্থলে আহমদীয়া মুসলিম জামা'তের
স্যাটেলাইট টিভি চ্যানেল এম.টি.এ ইন্টারন্যাশনাল ও ইন্টারনেট-এর মাধ্যমে বিশ্ব-জুড়ে বসবাসকারী আহমদী
মুসলিমদের উদ্দেশ্যে সরাসরি সম্প্রচারিত এক বিশেষ বাণী প্রদান করেন।

সারের টেলিফোর্ডে অবস্থিত নিজ দপ্তর থেকে প্রদত্ত তাঁর বাণীতে হযূর আকদাস সারা বিশ্বের সুস্থতা এবং কল্যাণের
জন্য দোয়া করেন এবং আহমদী মুসলমানদেরকে নির্দেশনা প্রদান করেন তারা যেন দোয়ার বিষয়ে আরো মনোযোগী
হন এবং ঘরে তাদের সময় ফলদায়ক কাজে ব্যয় করেন। উপরন্তু, তিনি তাদেরকে সরকারি নির্দেশাবলী অনুসরণ
করার এবং সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“ব্যাপকভাবে ছড়িয়ে পড়া করোনাভাইরাস মহামারীর কারণে বিশ্বজুড়ে বিভিন্ন সরকার সামাজিক নিষেধাজ্ঞা সমূহ
ঘোষণা করেছে যার মধ্যে এই ব্রিটিশ সরকারও রয়েছে যার অধীনে আমি বসবাস করি। ... ফলস্বরূপ, অবস্থা এমন

দাঁড়িয়েছে যে মসজিদে এ সময়ে জুমু'আর নামাজ আদায় করা সম্ভব নয়, আর এ কারণে আমি পরামর্শ করার পরে সিদ্ধান্ত নিয়েছি যে, আপনাদের উদ্দেশ্যে সরাসরি আমি একটি বাণী প্রদান করি।”

হুযূর আকদাস বলেন, যে সকল দেশে কর্তৃপক্ষ ধর্মীয় সমাবেশের উপর নিষেধাজ্ঞা আরোপ করেছে সেখানে আহমদী মুসলমানদের নিজ নিজ গৃহের মধ্যেই জুমু'আর নামায চালিয়ে যাওয়া উচিত।

হুযূর আকদাস বলেন, একদিকে এটি তাদেরকে তাদের ধর্মীয় দায়িত্ব পূরণ করার সুযোগ দিবে, অপরপক্ষে নিজ গৃহে জুমু'আর খুতবা প্রদান করার প্রস্তুতি নিতে গিয়ে তা আহমদী মুসলমানদের ধর্মীয় জ্ঞান বৃদ্ধিরও কারণ হবে।

হুযূর আকদাস আরো বলেন যে, আহমদী মুসলমানদের যত বেশি সম্ভব পবিত্র কুর'আন, এবং এর পাশাপাশি আহমদীয়া মুসলিম জামা'তের বিভিন্ন বই ও প্রকাশনা পাঠের মাধ্যমে ফলদায়কভাবে এ সময় অতিবাহিত করা উচিত। উপরন্তু, তাদের এম.টি.এ ইন্টারন্যাশনাল কর্তৃক সম্প্রচারিত অনুষ্ঠানাদি যত বেশি সম্ভব দেখা উচিত। হুযূর আকদাস এ সময় নিজেদের পারিবারিক জীবনকে উন্নত করা এবং সন্তানদের তরবিয়তের অগ্রগতির বিষয়ে সহযোগিতা করার দিকে বিশেষভাবে মনোযোগী হওয়ার উপর জোর দেন।

দোয়ার প্রয়োজনীয়তার উপরও হুযূর আকদাস বিশেষ গুরুত্ব আরোপ করেন।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“এ সময়ে নিজেরা নামায এবং দোয়ায় আরো অগ্রসর হোন; কেননা আন্তরিক দোয়ার মাধ্যমেই আমরা খোদা তা'লার অনুগ্রহ এবং আধ্যাত্মিক ও দৈহিক কল্যাণ লাভ করতে পারি। আমরা আজ যে পরিস্থিতির মুখোমুখি, হযরত মসীহ মওউদ (আ.) এটিই আমাদের শিখিয়েছেন যে, এমন অবস্থাতেও যেন, আমরা আল্লাহ তা'লার ক্ষমা ভিক্ষা করি, নিজেদের হৃদয়কে পবিত্র করি এবং নিজেদেরকে সংকর্মে নিয়োজিত করি। আল্লাহ তা'লা আমাদের কাজে লাগানোর জন্য দোয়া কে একটি বড় হাতিয়ার হিসেবে প্রদান করেছেন, আর তাই এর মাধ্যমে আমাদের আল্লাহ তা'লার আশ্রয়ে আসার চেষ্টা করা উচিত।”

হুযূর আকদাস মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর বেশ কয়েকটি হাদীস উদ্ধৃত করেন যা থেকে দেখা যায় যে, ব্যতিক্রমধর্মী পরিস্থিতিতে ঘরে নামায পড়া মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এরও রীতি ছিল।

হুযূর আকদাস তার বাণীর উপসংহারে দোয়া করেন এবং বলেন:

“আল্লাহ তা'লা এ পৃথিবীকে শীঘ্র মহামারী থেকে মুক্ত করুন এবং এ পৃথিবীর মানুষকে মানবতার প্রতি তার দায়িত্ব পরিপূর্ণভাবে পালন করার তৌফিক দান করুন, আর তারা সকলে খোদা তা'লার পরিচয় লাভে সক্ষম হন। আল্লাহ তা'লা আমাদের সবাইকে তৌফিক দান করুন।”